গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে আধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। এরই ধারাবাহিকতায় ২০৩০ সালের মধ্যে ৬টি মেট্রোরেল সমন্বয়ে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করেছে:

**সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০**

| ক্রম | এমআরটি লাইনের নাম | পর্যায় | সম্ভাব্য সমাপ্তির সাল | ধরণ |
|---|---|---|---|---|
| ১. | এমআরটি লাইন-৬ | প্রথম | ২০২৪ | উড়াল |
| ২. | এমআরটি লাইন-১ | দ্বিতীয় | ২০২৬ | উড়াল ও পাতাল |
| ৩. | এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট | | ২০২৮ | |
| ৪. | এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট | তৃতীয় | ২০৩০ | |
| ৫. | এমআরটি লাইন-২ | | | |
| ৬. | এমআরটি লাইন-৪ | | | উড়াল/পাতাল |

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদযাপন বর্ষের ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সরকার বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের সম্পূর্ণ অংশ আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের পরিকল্পনা গ্রহণ করেছে। Under Ground ও Elevated MRT সমন্বয়ে MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design এর কাজ চলছে। অপর ৪টি মেট্রোরেলের উদ্যোগ বিভিন্ন পর্যায়ে বাস্তবায়নাধীন আছে।

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ কর্মপরিকল্পনা অনুযায়ী পুরোদমে এগিয়ে চলেছে। সার্বিক গড় অগ্রগতি ৩০.০৫%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের অগ্রগতি ৪৭.১৮%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের অগ্রগতি ২৩.৫০%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ১৯.৮৭%।

### প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ক্রমান্বয়ে নিম্নে প্রদান করা হল:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ১০৪ (একশত চার) কোটি টাকা সাশ্রয় হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে মোট ৫২টি অবকাঠামো নির্মাণ করতে হবে। ইতোমধ্যে যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ শেষ হয়েছে তন্মধ্যে অন্যতম হল: Retaining wall, Test track bed, Coach unloading area, Embedded track, Jack pit, Bogie turn table, Underfloor wheel lathe pit, Bogie wash plant, Bogie assemble-disassemble pit, Inspection pit ও Interface pit foundation. যে সকল অবকাঠামোর কাজ চলমান রয়েছে তন্মধ্যে উল্লেখ্যযোগ্য হল: Work shop, Stabling yard ও shed, Operation control centre, Auxiliary sub-station ভবন, Traction sub-station ভবন, কেন্দ্রীয় store, Depot controller অফিস, প্রশাসনিক ভবন, Training center, ডরমেটরী ভবন,

মেডিক্যাল সেন্টার, কেন্টিন, Rolling stock maintenance ভবন, Crew booking ভবন, Chief Depot controller ভবন, Effluent Treatment Plant (ETP) ও Sewage Treatment Plant (STP) ও সংযুক্ত ড্রেনেজ লাইন, Storm ড্রেনেজ, পানি ও ফায়ার ফাইটিং লাইন, অভ্যন্তরীন রাস্তা, Duct Bank. ডিপো এলাকার পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ৫৩%।

- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল ও আই-গার্ডার নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৭৬৬টি পাইল ক্যাপ এর মধ্যে ৭২২ টি পাইল ক্যাপ, ৩৯৩টি পিয়ার হেডের মধ্যে ৩৬৪টি পিয়ার হেড এবং ৫,১৪৯টি প্রিকাস্ট সেগম্যান্ট কাস্টিং-এর মধ্যে ৪,২৫২ টি প্রিকাস্ট সেগম্যান্ট কাস্টিং নির্মাণ সম্পন্ন হয়েছে। ৬.৫০ (ছয় দশমিক পাঁচ শূন্য) কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। ধারাবাহিকভাবে ভায়াডাক্ট erection এর কাজ এগিয়ে চলছে। যেখানে ভায়াডাক্ট স্থাপন করা হয়েছে সেখানে parapet wall এর নির্মাণ কাজ এগিয়ে চলছে। ০৯টি স্টেশনের sub-structure নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে উত্তরা সেন্টার ও উত্তরা সাউথ স্টেশনের concourse নির্মাণের কাজ চলছে। মেট্রোরেল নির্মাণে স্বাভাবিক পানির প্রবাহ যাতে বাঁধাগ্রস্থ না হয় তা বিবেচনায় ০৫টি long span balance cantilever এর নির্মাণ কাজ অব্যাহত আছে। পিয়ার-৭১ থেকে পিয়ার-১০২ পর্যন্ত এক কিলোমিটার ভায়াডাক্ট রেললাইন ও Overhead Catenaries System (OCS) Mast স্থাপনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা হয়েছে। সার্বিক অগ্রগতি ৫৭%।
- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ২০৩টি ট্রায়াল ট্রেঞ্চের মধ্যে ১৮২টি ট্রায়াল ট্রেঞ্চ সম্পন্ন হয়েছে। ৬২১টি স্থায়ী বোরড্ পাইলের মধ্যে ৪১৯টি স্থায়ী বোরড্ পাইল সম্পন্ন হয়েছে। মোট ২০৩টি পাইল ক্যাপ এর মধ্যে ২৫টি পাইল ক্যাপ সম্পন্ন করা হয়েছে। বাস্তব অগ্রগতি ১৪.৮৮%।
- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও 8 টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ কাজ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ৮৬৫টি স্থায়ী বোরড্ পাইলের মধ্যে ৫৪৭ টি স্থায়ী বোরড্ পাইল সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ৪৩টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে ১৬০টি পিয়ার কলাম এর মধ্যে ১৫টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। ১৩৬টি পিয়ার হেডের মধ্যে ০৭টি পিয়ার হেড সম্পন্ন হয়েছে। বাস্তব অগ্রগতি ১৮.১৪%।
- **প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজের আওতায় Definitive Design সম্পন্ন হয়েছে। High Voltage Feeder Cable স্থাপনের জন্য রুট সার্ভে সম্পন্ন করে ক্যাবল লে-আউট প্লান চূড়ান্ত করা হয়েছে। টঙ্গি ও মানিকনগর গ্রীড সাব স্টেশনে Bay নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। উত্তরা রিসিভিং সাব স্টেশনের (RSS) গ্রাউন্ড ফ্লোর ও ফার্স্ট ফ্লোরের স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে এবং ডিসেম্বর ২০১৯ এর মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন হবে। উত্তরা রিসিভিং সাব স্টেশন ও টঙ্গি গ্রীড সাব স্টেশনের Bay মার্চ ২০২০ এ চালু করা হবে। রেলপাত, ১৩২ কেভি ও ৩৩ কেভি ক্যাবলস্ সহ অন্যান্য ক্যাবল ইতোমধ্যে উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে। ভায়াডাক্টের উপর রেল লাইন বসানোর এবং আনুসঙ্গিক বৈদ্যুতিক স্থাপনার নির্মাণ কাজ নভেম্বর ২০১৯ মাসে শুরু হবে। Ballast, Turnout, Track Fastening System, 132 kV Gas Insulated Switchgear (GIS), 33 kV Switchgear, Dry Type Transformer, DC Switchgear মালামালের Pre-Shipment Inspection (PSI) সম্পন্ন হয়েছে এবং নভেম্বর ২০১৯ মাসে সরবরাহ পাওয়া যাবে। Sleeper, 132 kV cable straight connector ইত্যাদি মালামাল Pre-shipment Inspection এর জন্য বিভিন্ন দেশে প্রস্তুত আছে। বাস্তব অগ্রগতি ১৯.50%।
- **প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্টের Definitive Design গত ০১ মে ২০১৮ তারিখ এবং Detailed Design ১৩ মার্চ ২০১৯ তারিখ সম্পন্ন হয়েছে। Bogie নির্মাণের কাজ ১৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ জাপানে শুরু হয়েছে। যাত্রীবাহী কোচ (কারবডি) নির্মাণের কাজ ১৬ এপ্রিল ২০১৯ তারিখ জাপানে শুরু করা হয়েছে। আগামি ১৫ জুন ২০২০ তারিখ প্রথম মেট্রো ট্রেন সেট বাংলাদেশে পৌঁছার জন্য নির্ধারিত আছে। মেট্রো ট্রেন বাংলাদেশে পৌঁছানোর পর Integrated Test এবং Trail Run শুরু করা হবে। বাস্তব অগ্রগতি ১৬.০০%।

## MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট স্টেশন (আন্ডারগ্রাউন্ড) সংখ্যা ১২টি। **এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল রেল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।** পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ এলিভেটেড এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে এলিভেটেড। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে আন্ডারগ্রাউন্ড নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের Feasibility Study, Environment Impact Assessment (EIA), Resettlement Action Plan (RAP), Traffic Survey, Hydrology Survey, Basic Design, Utility Relocation Survey, Topographic Survey এবং Drone Survey of Depot and Alignment সম্পন্ন হয়েছে। Geo Survey ও Detailed Design এর কাজ চলছে। ডিপোর Land Acquisition প্রক্রিয়াধীন আছে। MRT Line-1 এর রুট এ্যালাইনমেন্ট সংলগ্ন পূর্বাচল নতুন শহর এলাকায় Transit Oriented Development (TOD) Hub ও Station Plaza নির্মাণের জন্য ভূমি অনুসন্ধান করা হচ্ছে। বিনিয়োগ প্রকল্পের DPP অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। ২০২৬ সালের মধ্যে এ উভয় রুট নির্মাণে প্রাক্কলিত ব্যয় ৫২,৫৬১ কোটি টাকা।

### MRT Line-1: বিমানবন্দর রুট

**বিমানবন্দর রুটের এলাইনমেন্ট হল:** বিমানবন্দর-বিমানবন্দর টার্মিনাল ৩-খিলক্ষেত-যমুনা ফিউচার পার্ক-নতুন বাজার-উত্তর বাড্ডা-বাড্ডা-হাতিরঝিল পূর্ব-রামপুরা-মালিবাগ-রাজারবাগ-কমলাপুর।

### MRT Line-1: পূর্বাচল রুট

**পূর্বাচল রুটের এলাইনমেন্ট হল:** কমলাপুর-রাজারবাগ-মালিবাগ-রামপুরা-হাতিরঝিল পূর্ব-বাড্ডা-উত্তর বাড্ডা-নতুন বাজার-যমুনা ফিউচার পার্ক-বসুন্ধরা-পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি (পিওএইচএস)-মাস্তুল-পূর্বাচল পশ্চিম-পূর্বাচল সেন্টার-পূর্বাচল পূর্ব-পূর্বাচল টার্মিনাল-পিতলগঞ্জ ডিপো।

## MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (আন্ডারগ্রাউন্ড ১৩.৫০ কিলোমিটার এবং এলিভেটেড ৬.৫০ কিলোমিটার) ও ১৪ স্টেশন (আন্ডারগ্রাউন্ড ৯টি এবং এলিভেটেড ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study সম্পন্ন হয়েছে। DPP অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। Engineering Service-এর জন্য উন্নয়ন সহযোগী সংস্থা JICA'র সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষর করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত Proposal Evaluation Report (Financial) উন্মুক্তকরণ ও Highest Ranked Consulting Firm এর সঙ্গে Negotiation শুরু করার জন্য গত ২৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ৩৩ তম বোর্ড সভায় অনুমোদন প্রদান করা হয়েছে। এ রুট নির্মাণে প্রাক্কলিত ব্যয় ৪১ হাজার ২৩৯ কোটি টাকা। ৪১ তম ODA Loan Package-এ নির্মাণ কাজের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান আছে। এ লক্ষ্যে গত ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখ JICA'র সঙ্গে Minutes of Discussion স্বাক্ষর করা হয়েছে।

**MRT Line-5: Northern Route-এর এ্যালাইনমেন্ট হল:** হেমায়েতপুর - বালিয়ারপুর - মধুমতি - আমিন বাজার - গাবতলী - দার উস সালাম - মিরপুর ১ - মিরপুর ১০ - মিরপুর ১৪ - কচুক্ষেত - বনানী - গুলশান ২ - নতুন বাজার - ভাটারা।

## MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (আন্ডারগ্রাউন্ড ১২.৮০ কিলোমিটার এবং এলিভেটেড ৪.৬০ কিলোমিটার) এবং ১৬ টি স্টেশন (আন্ডারগ্রাউন্ড ১২ টি এবং এলিভেটেড ৪ টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে। MRT Line-5: Southern Route এর Project Readiness Financing (PRF) এর নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে গত ২০ মে ২০১৯ তারিখ সর্বশেষ Aide Memoire স্বাক্ষর করা হয়েছে। PRF-এর আওতায় ৩৬ মাসের মধ্যে Detailed Design সম্পন্ন করার ব্যবস্থা রাখা আছে। গত ২৮ মে ২০১৯ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে Expression of Interest (EoI) আহবান করা হয়েছে। গত ২৬ জুন ২০১৯ তারিখ ১৮টি পরামর্শক প্রতিষ্ঠান EoI দাখিল করেছে। বর্তমানে Shortlisting সম্পন্ন করে Concurrence এর জন্য Asian Development Bank (ADB)-তে প্রেরণ করা হয়েছে। Technical Assistance Project Proposal (TPP) অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। এ রুট নির্মাণের সম্ভাব্য ব্যয় প্রায় ৩৬ হাজার কোটি টাকা।

**MRT Line-5: Southern Route-এর রুট এ্যালাইনমেন্ট হল:** গাবতলী - টেকনিক্যাল - কল্যাণপুর - শ্যামলী - কলেজ গেইট - আসাদ গেইট - রাসেল স্কয়ার - পান্থপথ - সোনারগাঁ - হাতিরঝিল - নিকেতন - রামপুরা - আফতাব নগর পশ্চিম - আফতাব নগর সেন্টার - আফতাব নগর পূর্ব - দাশেরকান্দি।

## MRT Line -2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে ১৫ জুন ২০১৭ তারিখ জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করে। এরই ধারাবাহিকতায় ৬ ডিসেম্বর ২০১৭ তারিখ জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে প্রথম প্লাটফরম সভা, ৭ জুন ২০১৮ তারিখ ২য় প্লাটফরম সভা এবং ২১ মার্চ ২০১৯ তারিখ তৃতীয় প্লাটফরম সভা অনুষ্ঠিত হয়েছে। PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-2 বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গত ৮ নভেম্বর ২০১৮ তারিখ নীতিগত অনুমোদন প্রদান করেছে। PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-2 বাস্তবায়নের নিমিত্ত Basic and Preliminary Study করার জন্য অর্থায়ন করতে Sub-Working Group (SWG) এর Lead Member হিসেবে দায়িত্বপ্রাপ্ত জাপানের Marubeni Corporation ইতোমধ্যে Ministry of Land, Infrastructure, Transport and Tourism (MLIT), Japan বরাবর প্রস্তাব দাখিল করেছে।

**MRT MRT-2 এর সম্ভাব্য রুট এলাইনমেন্ট হল:** গাবতলী - Embankment Road - বসিলা - মোহাম্মদপুর বিআরটিসি বাস স্ট্যান্ড - সাত মসজিদ রোড-ঝিগাতলা - ধানমন্ডি ২ নম্বর রোড - সাইন্স ল্যাবরেটরি - নিউ মার্কেট - নীলক্ষেত - আজিমপুর - পলাশী - শহীদ মিনার - ঢাকা মেডিকেল কলেজ - পুলিশ হেডকোয়ার্টার - গোলাপ শাহ মাজার - বঙ্গ ভবনের উত্তর পার্শ্বস্থ সড়ক - মতিঝিল - আরামবাগ - কমলাপুর - মুগদা - মান্ডা - ডেমড়া - চট্টগ্রাম রোড।

## MRT Line-4

২০৩০ সালের মধ্যে কমলাপুর-নারায়ণগঞ্জ রেলওয়ে ট্রাকের নিচ বা পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ Under Ground/Elevated মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ২১ মার্চ ২০১৯ তারিখ জাপান সরকার, বাংলাদেশ সরকার ও জাপানের বেসরকারি বিনিয়োগকারীদের অংশগ্রহণে বাংলাদেশে অনুষ্ঠিত তৃতীয় প্লাটফরম সভায় গত ১৫ জুন ২০১৭ তারিখ জাপান ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত সহযোগিতা স্মারক এর আওতায় PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-4 নির্মাণের নিমিত্ত প্রস্তাব পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত প্রদান করা হয়। PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-4 নির্মাণের নিমিত্ত প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০১৯-২০২০ এর অন্তর্ভুক্ত আছে। PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-4 নির্মাণের নিমিত্ত প্রস্তাব অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নীতিগত অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন।